

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৭

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৫৩. কাফিরের ভাল 'আমলের বিধান যখন সে পরবর্তীতে ইসলাম গ্রহণ করে।

بَابِ بَيَانِ حُكْم عَمَلِ الْكَافِرِ إِذَا أَسْلَمَ بَعْدَهُ (175)

আরবী

حَدِيْثُ حَكِيمِ بْنِ حِزَامٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ أَشْيَاءَ كُنْتُ أَتَكَنَّتُ بَهَا فِي الْجَاهِلِيَّةِ مِنْ صَدَقَةٍ أَوْ عَتَاقَةٍ وَصِلَةِ رَحِمٍ فَهَلْ فِيهَا مِنْ أَجْرٍ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم أَسْلَمْتَ عَلَى مَا سَلَفَ مِنْ خَيْرٍ

বাংলা

৭৭. হাকীম ইবনু হিযাম (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আরয় করলাম, হে আল্লাহর রসূল! ঈমান আনয়নের পূর্বে (সওয়াব লাভের উদ্দেশে) আমি সাদাকা প্রদান, দাসমুক্ত করা ও আত্মীয়তার সম্পর্ক রক্ষা করার ন্যায় যত কাজ করেছি সেগুলোতে সওয়াব হবে কি? তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি যে সব ভালো কাজ করেছ তা নিয়েই ইসলাম গ্রহণ করেছ (তুমি সেসব কাজের সওয়াব পাবে)।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৪: যাকাত, অধ্যায় ২৪, হাঃ ১৪৩৬; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৫৫, হাঃ ১২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন